

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫২৫

জিরানীয়া, ১০, জানুয়ারি, ২০২৪

জিরানীয়া কৃষি মহকুমায় ২৫ জন কৃষককে ভর্তুকিমূল্যে পাওয়ারটিলার প্রদান

চলতি অর্থবছরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে সাব মিশন অন এগ্রিকালচারাল ম্যাকানাইজেশন যোজনায় জিরানীয়া কৃষি মহকুমায় ২৫ জন কৃষককে ভর্তুকিমূল্যে পাওয়ারটিলার প্রদান করা হয়েছে। এর মধ্যে জিরানীয়া ব্লকে ৮ জন, পুরাতন আগরতলা ব্লকে ৭ জন এবং বেলবাড়ি ব্লকে ১০ জন কৃষক উপকৃত হয়েছেন। এ প্রকল্পে মোট ব্যয় হয়েছে ২১ লক্ষ ২৫ হাজার টাকা। জিরানীয়া মহকুমা কৃষি তত্ত্বাবধায়ক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
